

স্মারক নং- ৪৬.০৮৫.০০২.০২.০০.০২৯.২০১৬-৪১০

তারিখ : ২০ জুন ২০১৮

প্রেরক : ড. কে এম কামরুজ্জামান সেলিম
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ


প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ,
সিজিএ ভবন (৫ম তলা ; গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : চট্টগ্রাম ওয়াসার 'চিটাগাং ওয়াটার সাপ্লাই ইম্প্রুভমেন্ট এন্ড স্যানিটেশন প্রজেক্ট (কোড নং-৭২৮০)' এর অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত এডিপি বরাদ্দ হতে জিওবি খাতের ৩য়-৪র্থ কিস্তির অর্থ ছাড়করণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ১৬/০৪/২০১৮ তারিখের ৪৬.০৮৫.০০২.০২.০০.০২৯.২০১৬-২২৩ নং সরকারি আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী স্থানীয় মুদ্রায় (জিওবি) অংশের বরাদ্দ হতে চট্টগ্রাম ওয়াসার 'চিটাগাং ওয়াটার সাপ্লাই ইম্প্রুভমেন্ট এন্ড স্যানিটেশন প্রজেক্ট (কোড নং-৭২৮০)' এর অনুকূলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দের ৩য়-৪র্থ কিস্তির অর্থ ছাড়করণে সরকারি মঞ্জুরী নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/ ৩য়/৪র্থ	ঋণের অর্থের পরিমাণ	বিনিয়োগের অর্থের পরিমাণ	মঞ্জুরীর অর্থের পরিমাণ	রাজস্ব খাতের অর্থের পরিমাণ	মূলধন খাতের অর্থের পরিমাণ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
চট্টগ্রাম ওয়াসা ৩৭০৫	'চিটাগাং ওয়াটার সাপ্লাই ইম্প্রুভমেন্ট এন্ড স্যানিটেশন প্রজেক্ট' কোড নং- ৭২৮০	অনুমোদিত	৩য়-৪র্থ কিস্তি	-	-	১৭০৬.০০ লক্ষ (সতের কোটি ছয় লক্ষ) টাকা	১০৫৬.০০ লক্ষ (দশ কোটি ছাপ্পান্ন লক্ষ) টাকা	১৯৪.০০ লক্ষ (এক কোটি চুরানব্বই লক্ষ) টাকা	১২৫০.০০ লক্ষ (বার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা

- (১) এ অর্থ অনুদান / বিনিয়োগ / ঋণ হিসাবে দেয়া হল ;
- (২) এ ব্যয় বর্তমান অর্থ বছরের (২০১৭-২০১৮) উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, স্থানীয় সরকার বিভাগ (কোড নং-৩৭) এর আওতায় চট্টগ্রাম ওয়াসার 'চিটাগাং ওয়াটার সাপ্লাই ইম্প্রুভমেন্ট এন্ড স্যানিটেশন প্রজেক্ট'-এর (কোড নং-৭২৮০) হিসাবের খাত-৫/৩৭০৫/৭২৮০ হতে বহন করা হবে ;
- (৩) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে ;
- (৪) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা এ অর্থ উত্তোলন করতে পারবেন ;
- (৫) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০১৮ এর মধ্যে সমর্পণ করতে হবে ;
- (৬) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন ;
- (৭) অনুমোদিত ডিপিপির অনুমোদিত অংগের সংস্থান অনুযায়ী ব্যয় করতে হবে।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৭০

watersupply_02@yahoo.com

অনুলিপি : (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, দামপাড়া, চট্টগ্রাম।
- ৩। উপপ্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।